

দেবাশিস আইচ

গত ২১ শে জুন ২০২৪, বিশিষ্ট সাংবাদিক এবং লেখক দেবাশিস আইচের জীবনাবসান হয়েছে। বিগত ত্রিশ বছর ধরে সাংবাদিকতার সঙ্গে যুক্ত শ্রী আইচ তার পেশার পাশাপাশি বহু গ্রন্থের লেখক ও সম্পাদক ছিলেন। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থগুলির মধ্যে “মায়াবন্দরের রূপকথা”, “ভাত দে হারামজাদা” র নাম উল্লেখ করা যেতে পারে। “ভাত দে হারামজাদা” গ্রন্থের জন্য তিনি ২০২২ সালে ক্যালকাটা রিসার্চ গ্রুপের তরফ থেকে প্রদত্ত প্রদীপ কুমার বসু স্মৃতি পুরস্কারে সম্মানিত হয়েছিলেন। ২০২০ সালে তিনি ক্যালকাটা রিসার্চ গ্রুপের মিডিয়া ফেলো নির্বাচিত হয়েছিলেন। তাঁর ফেলোশিপ প্রতিবেদনটি প্রতিষ্ঠানের তরফ থেকে *Pandemic Induced Return of Migrant Workers: Response of the State Government (West Bengal)* নামে ২০২০ সালে প্রকাশিত হয়েছে।

কোন বড় সংবাদ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ না রেখে ছোট/ তুলনায় অপরিচিত সংবাদপত্র বা বৈদ্যুতিন মাধ্যমে প্রকাশিত ই-নিউজে নিজের লেখা প্রকাশ করার মত রাজনৈতিক দৃঢ়তা দেবাশিস আইচের প্রায় সারা জীবন বজায় ছিল। তিনি সাংবাদিকের স্বাধীনতায় বিশ্বাসী ছিলেন এবং প্রয়োজন হলে নির্মম প্রতিষ্ঠান বিরোধিতায় পিছপা হতেন না। ক্যালকাটা রিসার্চ গ্রুপের সাথে তাঁর সম্পর্ক ছিল নিবিড়। ফেলোশিপ বা পুরস্কার ছাড়াও প্রতিষ্ঠানের বহু অনুষ্ঠানে তার উপস্থিতি এবং পরামর্শে প্রতিষ্ঠান সমৃদ্ধ হয়েছে।

ক্যালকাটা রিসার্চ গ্রুপ শ্রী দেবাশিস আইচের প্রয়াণে শোকাহত। প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাঁর প্রিয়জনদের সমবেদনা জানানো হচ্ছে।